

## **া** সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭১১

২৪/ হজের নিয়ম পদ্ধতি (کتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ৪৪. মুহরিমের জন্য খালুক ব্যবহার

# فِي الْخَلُوقِ لِلْمُحْرِمِ

#### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِهِ عَنْ عَطَاءٍ عَنْ صَفْوَانَ بْنِ يَعْلَى عَنْ أَبِيهِ أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَهَلَّ بِعُمْرَةٍ وَعَلَيْهِ مُقَطَّعَاتٌ وَهُوَ عَنْ أَبِيهِ أَنَّ رَجُلًا أَتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مُتَضَمِّخُ بِخَلُوقٍ فَقَالَ أَهْلَلْتُ بِعُمْرَةٍ فَمَا أَصِنْنَعُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا كُنْتَ صَانِعًا فِي حَجِّكَ كُنْتَ صَانِعًا فِي حَجِّكَ قَالَ كُنْتُ أَتَّقِي هَذَا وَأَغْسِلُهُ فَقَالَ مَا كُنْتَ صَانِعًا فِي حَجِّكَ قَالَ كُنْتُ أَتَّقِي هَذَا وَأَغْسِلُهُ فَقَالَ مَا كُنْتَ صَانِعًا فِي حَجِّكَ فَاصَنْنَعُهُ فِي عُمْرَتِكَ

#### বাংলা

২৭১১. মুহাম্মদ ইবন মানসূর (রহঃ) ... সাফওয়ান ইবন ইয়ালা (রহঃ) থেকে বর্ণিত। তিনি তঁর পিতা থেকে বর্ণনা করেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলো আর সে উমরাহর ইহরাম বেঁধেছিল। তার গায়ে কয়েক টুকরা কাপড় ছিল। আর সে খালুক মেখেছিল। সে ব্যক্তি বলেন, আমি উমরাহর ইহরাম বেঁধেছি, এখন আমি কি করবো? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুমি তোমার হজ্জে কি করতে? সে ব্যক্তি বললোঃ আমি ইহা পরিত্যাগ করতাম এবং ধুয়ে ফেলতাম। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তোমার হজ্জে যা করতে তোমার উমরাহতেও তাই কর।

### ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফওয়ান ইবন ইয়ালা (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন